P - I (1+1+1) H / 17 (N)

2017

# BENGALI (Honours)

## Paper Code : II-A

## [New Syllabus]

Full Marks : 20 Time : Thirty Minutes

### *Important Instructions for* OMR Sheet

1. Write / Fill your correct Subject Name, Subject Code & Paper Code in the space provided on the top of the OMR sheet (Subject Codes are given on the back of the OMR sheet & Paper Code in the Question Paper.)
2. Write / Fill your Roll number, Registration number, Regn. Session, Exam Date and Exam Session in the space provided on the OMR Sheet.
3. Each item has four alternative responses marked (A), (B), (C) and (D). You have to darken the circle as indicated below on the correct response against each item.
4. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Paper Booklet only.** If you mark at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
5. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, you will render yourself liable to disqualification.
6. You have to return the OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall.
7. **Use only Blue/Black Ball point pen. Use of any mobile phone, calculator or log table etc. in examination hall, is prohibited.**

Answer *all* the questions in OMR sheet.

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। ষড় গোস্বামীর অন্তর্ভুক্ত নন —

(A) শ্রীজীব গোস্বামী

(B) কৃষ্ণদাস গোস্বামী

(C) সনাতন গোস্বামী

(D) শ্রীরূপ গোস্বামী

Department OF Bengali, Gour Mahavidyalaya

২। প্রথম বিশুদ্ধ বৈষ্ণব পদসংকলন গ্রন্থটি হ'ল —

(A) গীতচন্দ্রোদয়

(B) পদকল্পতরু

(C) বৈষ্ণবতোষণী

(D) ক্ষণদাগীতচিন্তামণি

৩। গোপীচন্দ্রের গানের চতুর্থ খণ্ডটি হ'ল —

(A) মুগুন

(B) বুঝান

(C) পণ্ডিত

(D) জন্ম

*Turn Over*

৪। 'এ ঘোর রজনী মেঘের ঘটা
কেমনে আইল বটে।'
পদটি কোন পর্যায়ের ?

(A) অভিসার

(B) পূর্বরাগ

(C) মাথুর

(D) নিবেদন

৫। 'সাধকরঞ্জন' বইটি রচনা করেন —

(A) রামপ্রসাদ

(B) শ্রীজীব গোস্বামী

(C) কমলাকান্ত

(D) সনাতন গোস্বামী

৬। "গিরি, এবার আমার উমা এলে আর উমা পাঠাব না।"
—পদটির রচয়িতা

(A) দাশরথি রায়

(B) কমলাকান্ত ভট্টাচার্য

(C) রামপ্রসাদ সেন

(D) গিরিশচন্দ্র ঘোষ

৭। সাহিত্যদর্পণ' গ্রন্থের রচয়িতা —

(A) দণ্ডী

(B) বিশ্বনাথ কবিরাজ

(C) আনন্দবর্ধন

(D) কুন্তক

৮। "শোকের ঝড় বহিল সভাতে" — এখানে যে অলঙ্কার এর প্রয়োগ আছে —

(A) উৎপ্রেক্ষা

(B) রূপক

(C) ব্যতিরেক

(D) ব্যজস্তুতি

৯। 'বাংলা ছন্দের মূলসূত্র' গ্রন্থটির রচয়িতা —

(A) অমূল্যধন মুখোপাধ্যায়

(B) প্রবোধচন্দ্র সেন

(C) মোহিতলাল মজুমদার

(D) সত্যেন্দ্রনাথ দত্ত

১০। "তাতল সৈকত বারিবিন্দু সম

সুত-মিত-রমণী-সমাজে।"

—পদটির রচয়িতা

(A) চণ্ডীদাস

(B) গোবিন্দদাস

(C) বিদ্যাপতি

(D) জ্ঞানদাস

Turn Over

১১। "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে" —

এটি —

(A) মালোপমা অলংকার

(B) লুপ্তোপমা অলংকার

(C) স্মরণোপমা অলংকার

(D) পূর্ণোপমা অলংকার

১২। মাতা ময়নামতি যখন গোপীচন্দ্রকে সিংহাসনে অধিষ্ঠিত করেন, তখন তাঁর বয়স ছিল —

(A) এক বছর

(B) দুই বছর

(C) তিন বছর

(D) চার বছর

১৩। অমিল প্রবহমান পয়ারের স্রষ্টা —

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) সত্যেন্দ্রনাথ ঠাকুর

(C) মধুসূদন দত্ত

(D) মোহিতলাল মজুমদার

১৪। দুর্দান্ত পাণ্ডিত্যপূর্ণ দুঃসাধ্য সিদ্ধান্ত" —

চরণটিতে আছে —

(A) মুক্তদল ৫টি ও রুদ্ধদল ৮টি

(B) মুক্তদল ৪টি ও রুদ্ধদল ১০টি

(C) মুক্তদল ৫টি ও রুদ্ধদল ৯টি

(D) মুক্তদল ৬টি ও রুদ্ধদল ৮টি

১৫। 'ছন্দ সরস্বতী' বইটির রচয়িতা —

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) মোহিতলাল মজুমদার

(C) প্রবোধচন্দ্র সেন

(D) সত্যেন্দ্রনাথ দত্ত

১৬। আমি শ্যামা মার দরবারে থাকি
অভয়পদের বই রে বোঝা
— পদটির রচয়িতা

(A) রাম বসু

(B) ভীম সেন

(C) রামপ্রসাদ

(D) কমলাকান্ত

১৭। ১৯২৪ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে 'গোপীচন্দ্রের গানে'র কয়টি পাঠ প্রকাশিত হয় —

(A) তিনটি

(B) চারটি

(C) পাঁচটি

(D) ছয়টি

*Turn Over*

১৮। 'ভারতের শক্তিসাধনা ও শাক্ত সাহিত্য' — বইটি রচনা করেন —

(A) দীনেশচন্দ্র সেন

(B) জাহ্নবী কুমার চক্রবর্তী

(C) শশীভূষণ দাশগুপ্ত

(D) আশুতোষ ভট্টাচার্য

১৯। 'আমার শপতি লাগে না ধাইও ধেনুর আগে' — পদটির রচয়িতা —

(A) যাদবেন্দ্র

(B) বলরাম দাস

(C) গোবিন্দদাস

(D) জ্ঞানদাস

২০। বাংলা সনেটের প্রবর্তক —

(A) বিহারীলাল চক্রবর্তী

(B) সত্যেন্দ্রনাথ দত্ত

(C) পেত্রার্ক

(D) মধুসূদন দত্ত

Department OF Bengali, Gour Mahavidyalaya

2017

# BENGALI (Honours)

## Paper Code : II-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১। সনেট কাকে বলে ? সনেটের গঠন বৈচিত্র্য বর্ণনা করো। সনেটের কঠিন বন্ধন গীতিকাব্যের ভাবপ্রকাশের পরিপন্থী কিনা বিচার করো। ১০

অথবা,

আখ্যানকাব্য কাকে বলে ? বাংলা আখ্যানকাব্যের বিভাগগুলির উল্লেখ করে যে কোনো একটি বিভাগের আলোচনা করো। ১০

২। পূর্বরাগ কাকে বলে ? পূর্বরাগের সঙ্গে অনুরাগের পার্থক্যগুলি উল্লেখ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবি প্রতিভার পরিচয় দাও। ২½+২½+১০=১৫

অথবা,

বৈষ্ণব পদাবলীর কবিরা আগে ভক্ত পরে কবি — আলোচনা করো। ১৫

৩। আগমনি কাকে বলে ? বিজয়া বলতে কী বোঝো ? আগমনি গানের মধ্যেই যেন বিজয়ার বীজ বপন করা আছে। বিজয়ার পূর্বাভাসকে আগমনি গানেও স্পষ্ট অনুভব করা যায় — এ কথা কি সত্য ? দৃষ্টান্তসহ মন্তব্যটির বিচার করো। ২+২+১১=১৫

*Turn Over*

অথবা,

'শাক্ত পদাবলী সাহিত্যে রামপ্রসাদ এর তুলনায় কমলকান্ত কিছুটা কম পরিচিত হলেও তাঁর পদগুলির কাব্য সৌন্দর্য ও ভাব কিছু কম নয়।' তোমাদের পাঠ্যপদ অনুসরণে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৫

৪। 'গোপীচন্দ্রের গান' — এর মূল্য ইহার ধর্মপ্রচারেও নহে কিংবা ইতিহাসেও নহে, ইহার মূল্য ইহার কাব্যগুণে।' মন্তব্যটি বিচার করো। ১৫

অথবা,

'গোপীচন্দ্রের গান' — কাব্যে ময়নামতী একদিকে সিদ্ধা ও নাথধর্মের মাহাত্ম্য প্রচারক এবং অন্যদিকে তিনি পত্নী ও মাতা — এই দুই শক্তির সংঘাতে বিজরিত চরিত্র — আলোচনা করো। ১৫

৫। 'অক্ষরবৃত্ত' ছন্দ অন্যান্য কী কী নামে পরিচিত। এই ছন্দের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ৮

অথবা,

সংজ্ঞা লেখো (যে কোনো **দু'টি**) : ৪×২=৮

মাত্রা, পর্ব, শ্বাসাঘাত, পয়ার

৬। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো **দু'টি**) : ৪×২=৮

(ক) কণ্টকগাড়ি কমলসম পদতল<br>
মঞ্জীর চীরহি ঝাঁপি।<br>
গাগর বারি ঢারি করি পীছল<br>
চলতহি অঙ্গুলি চাপি।।

(খ) মা নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো,<br>
ওমা মিঠার লোভে তিত মুখে সারাদিনটা গেলো।।

(গ) একলা হয়ে দাঁড়িয়ে আছি
তোমার জন্য গলির কোণে
ভাবি আমার মুখ দেখাব
মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।

(ঘ) অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দ্যাখে তারা।

৭। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো : (যে কোনো **দু'টি**) ৩×২=৬

ব্যাজস্তুতি, বিরোধাভাস, অপহ্নুতি, ব্যতিরেক

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো **একটি**) : ৩×১=৩

(ক) শীতের ওঢ়নী-পিয়া গিরীষের বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ।।

(খ) বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

(গ) বসুন্ধরা দিবসের কর্ম্ম অবসানে,
দিনান্তের বেড়াটি ধরিয়া, আছে চাহি
দিগন্তের পানে।